-৪০৬-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইন-১ শাখা

নং- ৫৪.০০.০০০০.০২৬.০৪.০০১.১৩-৩৮

তারিখঃ ১৫ ফাল্গুন, ১৪২৮ / ২৮ ফেব্রুয়ারি, ২০২২

## প্রজ্ঞাপন

বিষয়ঃ "রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ নীতিমালা- ২০২১ (সংশোধিত)"

রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের জন্য গত ৮ চৈত্র, ১৪২৭/ ২২ মার্চ ২০২১ তারিখের ৫৪.০০.০০০০.০২৬.০৪.০০১.১৩-৫৭ নং প্রজ্ঞাপনটি অধিকতর সংশোধনপূর্বক নিম্নবর্ণিত নীতিমালা প্রণয়ন করা হলো :

০১। এ নীতিমালা "রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগ নীতিমালা- ২০২১ (সংশোধিত)" নামে অভিহিত হবে।

০২। প্যানেল আইনজীবী নিয়োগের ক্ষেত্রে "অনুমোদনকারী কর্তৃপক্ষ" বলতে-
- (ক) রেলপথ মন্ত্রণালয়ের ক্ষেত্রে সচিব, রেলপথ মন্ত্রণালয়;
- (খ) বাংলাদেশ রেলওয়ের (প্রধান কার্যালয়) ক্ষেত্রে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে এবং
- (গ) অঞ্চলের ক্ষেত্রে প্রত্যেক অঞ্চলের মহাব্যবস্থাপক।

২.১। "আইন কর্মকর্তা" বলতে বাংলাদেশ রেলওয়ের উভয় অঞ্চলে এবং সদর দপ্তরে নিয়োজিত আইন কর্মকর্তাদের বুঝাবে।

২.২। "দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা" বলতে প্যানেল আইনজীবী নিয়োগ অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক যাকে দায়িত্ব দিবেন তাঁকে বুঝাবে;

০৩। রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের মামলাসমূহ পরিচালনার জন্য অন্তত দুইটি জাতীয় পত্রিকায় (০১টি বাংলা ও ০১টি ইংরেজি) আগ্রহ ব্যক্তকরণের অনুরোধ সম্বলিত বিজ্ঞপ্তির মাধ্যমে প্যানেল আইনজীবী হিসেবে অন্তর্ভুক্তির আগ্রহ ব্যক্তকারী আইনজীবীদের প্রস্তাব আহবান করতে হবে। প্যানেল আইনজীবী হিসেবে অন্তর্ভুক্তির আগ্রহ ব্যক্তকারী আইনজীবীদের নিম্নোক্ত যোগ্যতা প্রয়োজন হবেঃ
- (ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ডিগ্রী;
- (খ) বার কাউন্সিলের সনদ;
- (গ) জেলা পর্যায়ের প্যানেল আইনজীবীদের জন্য জেলা পর্যায়ে দেওয়ানী/ফৌজদারী আদালতে মামলা পরিচালনায় ১০ বৎসরের অভিজ্ঞতা (তবে দেওয়ানী মামলার অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া হবে);
- (ঘ) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে/আপীল বিভাগে মামলা পরিচালনায় ১০ বৎসরের অভিজ্ঞতা।

০৪। আগ্রহ ব্যক্তকরণের অনুরোধ সম্বলিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে আগ্রহ ব্যক্তকারী আইনজীবীদের প্রস্তাবের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত থাকতে হবেঃ
- (ক) আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী/বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, ই-মেইল ও বয়স ইত্যাদি উল্লেখসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত;
- (খ) ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি;
- (গ) জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত কপি;
- (ঘ) বাংলাদেশ বার কাউন্সিলের পেশাগত সনদ;
- (ঙ) জেলা পর্যায়ের প্যানেল আইনজীবীদের জন্য জেলা পর্যায়ে এ্যাডভোকেট হিসেবে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা সনদ;
- (চ) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগে মামলা পরিচালনায় ১০ বৎসর অভিজ্ঞতার সনদ;
- (ছ) অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তার প্রমাণপত্র।

-৪০৫-

০৫। রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের/চুক্তিপত্রের শর্তাবলীঃ

(ক) প্যানেল আইনজীবী নিয়োগ ০৩ (তিন) বৎসরের জন্য হতে হবে;

(খ) নির্ধারিত সম্মানী ছাড়া কোন বেতন-ভাতা/অতিরিক্ত সম্মানী দেয়া হবে না;

(গ) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগের মামলার ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন কর্মকর্তা ও অ্যাটর্নি জেনারেলের দপ্তরের সাথে সমন্বয় করে দায়িত্ব পালন করতে হবে;

(ঘ) যে কোন মামলার দায়িত্ব দিলে তা' গ্রহণে বাধ্য থাকবে;

(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে নিয়োজিত আইনজীবীর নিকট হস্তান্তরিত মামলার অনাপত্তিসহ যাবতীয় কাগজপত্র অন্য বিজ্ঞ আইনজীবীর নিকট হস্তান্তরে বাধ্য থাকবে;

(চ) নিয়োজিত প্যানেল আইনজীবী রেলপথ মন্ত্রণালয়/বাংলাদেশ রেলওয়ের বিরুদ্ধে দায়েরকৃত কোন মামলায় রেলপথ মন্ত্রণালয়/বাংলাদেশ রেলওয়ের বিরুদ্ধে নিয়োজিত হতে পারবেন না;

(ছ) কোন আইনজীবী নিজে অব্যাহতি চাইলে অথবা কোন আইনজীবীকে রেলপথ মন্ত্রণালয়/বাংলাদেশ রেলওয়ে অব্যাহতি দিতে চাইলে উভয় ক্ষেত্রে ৬০ দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে;

(জ) প্রশাসনিক ট্রাইব্যুনাল/বিভাগীয়/জেলা/উপজেলা পর্যায়ে মামলা পরিচালনার জন্য সংশ্লিষ্ট আইন কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রেখে দায়িত্ব পালন করতে হবে;

(ঝ) উভয় পক্ষের সম্মতিতে নিয়োগ প্রতি ০২ (দুই) বৎসরের জন্য নবায়ন করা যেতে পারে।

(ঞ) মামলা নিষ্পত্তি/অগ্রগতি বিষয়ে সংশ্লিষ্ট আইনজীবীকে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে বরাবর ত্রৈমাসিক অগ্রগতির রিপোর্ট দিতে হবে।

০৬। (ক) রেলপথ মন্ত্রণালয়ের বিজ্ঞ আইনজীবী নিয়োগের নিমিত্ত সুপারিশ প্রণয়নের জন্য কমিটিঃ

| ক্র. নং | পদবী ও দপ্তর | কমিটি |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (আইন)/যুগ্মসচিব (আইন), রেলপথ মন্ত্রণালয় | আহবায়ক |
| ২. | বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল এর উপযুক্ত প্রতিনিধি<br>(ডেপুটি অ্যাটর্নি জেনারেল বা তদুর্ধ্ব পদ মর্যাদার আইন কর্মকর্তা) | সদস্য |
| ৩. | আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সলিসিটর অনুবিভাগের প্রতিনিধি<br>(ডেপুটি সলিসিটির বা তদুর্ধ্ব পদ মর্যাদার কর্মকর্তা) | সদস্য |
| ৪. | মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের উপযুক্ত প্রতিনিধি<br>(৫ম গ্রেড বা তদুর্ধ্ব পদ মর্যাদার কর্মকর্তা) | সদস্য |
| ৫. | উপসচিব (আইন), রেলপথ মন্ত্রণালয় | সদস্য সচিব |

কার্যপরিধিঃ Public Procurement Act-2006 ও Public Procurement Rules-2008 অনুযায়ী বুদ্ধিভিত্তিক সেবা গ্রহণ সংক্রান্ত বিধিবিধান অনুসরণপূর্বক বিজ্ঞ আইনজীবীদের প্যানেল চূড়ান্ত করে নিয়োগের জন্য সুপারিশ করা।

(খ) বাংলাদেশ রেলওয়ের (প্রধান কার্যালয়) বিজ্ঞ আইনজীবী নিয়োগের নিমিত্ত সুপারিশ প্রণয়নের জন্য কমিটিঃ

| ক্র. নং | পদবী ও দপ্তর | কমিটি |
|---|---|---|
| ১. | অতিরিক্ত মহাপরিচালক (আই), বাংলাদেশ রেলওয়ে | আহবায়ক |
| ২. | রেলপথ মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৩. | বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল এর উপযুক্ত প্রতিনিধি<br>(ডেপুটি অ্যাটর্নি জেনারেল বা তদুর্ধ্ব পদ মর্যাদার আইন কর্মকর্তা) | সদস্য |
| ৪. | আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সলিসিটর অনুবিভাগের প্রতিনিধি<br>(ডেপুটি সলিসিটির বা তদুর্ধ্ব পদ মর্যাদার কর্মকর্তা) | সদস্য |
| ৫. | পরিচালক (সংগ্রহ), বাংলাদেশ রেলওয়ে | সদস্য সচিব |

কার্যপরিধিঃ Public Procurement Act-2006 ও Public Procurement Rules-2008 অনুযায়ী বুদ্ধিভিত্তিক সেবা গ্রহণ সংক্রান্ত বিধিবিধান অনুসরণপূর্বক বিজ্ঞ আইনজীবীদের প্যানেল চূড়ান্ত করে নিয়োগের জন্য সুপারিশ করা।

(গ) বাংলাদেশ রেলওয়ের (পূর্বাঞ্চল) বিজ্ঞ আইনজীবী নিয়োগের নিমিত্ত সুপারিশ প্রণয়নের জন্য কমিটিঃ

| ক্র. নং | পদবী ও দপ্তর | কমিটি |
|---|---|---|
| ১. | অতিরিক্ত জি এম (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে | আহবায়ক |
| ২. | রেলপথ মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৩. | জেলা প্রশাসকের প্রতিনিধি | সদস্য |
| ৪. | জেলা জজ আদালতের জিপি | সদস্য |
| ৫. | আইন কর্মকর্তা (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে | সদস্য সচিব |

কার্যপরিধিঃ Public Procurement Act-2006 ও Public Procurement Rules-2008 অনুযায়ী বুদ্ধিভিত্তিক সেবা গ্রহণ সংক্রান্ত বিধিবিধান অনুসরণপূর্বক বিজ্ঞ আইনজীবীদের প্যানেল চূড়ান্ত করে নিয়োগের জন্য সুপারিশ করা।

(ঘ) বাংলাদেশ রেলওয়ের (পশ্চিমাঞ্চল) বিজ্ঞ আইনজীবী নিয়োগের নিমিত্ত সুপারিশ প্রণয়নের জন্য কমিটিঃ

| ক্র. নং | পদবী ও দপ্তর | কমিটি |
|---|---|---|
| ১. | অতিরিক্ত জি এম (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে | আহবায়ক |
| ২. | রেলপথ মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৩. | জেলা প্রশাসকের প্রতিনিধি | সদস্য |
| ৪. | জেলা জজ আদালতের জিপি | সদস্য |
| ৫. | আইন কর্মকর্তা (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে | সদস্য সচিব |

কার্যপরিধিঃ Public Procurement Act-2006 ও Public Procurement Rules-2008 অনুযায়ী বুদ্ধিভিত্তিক সেবা গ্রহণ সংক্রান্ত বিধিবিধান অনুসরণপূর্বক বিজ্ঞ আইনজীবীদের প্যানেল চূড়ান্ত করে নিয়োগের জন্য সুপারিশ করা।

০৭। সংশ্লিষ্ট কমিটি কর্তৃক প্যানেল আইনজীবী নিয়োগের জন্য সুপারিশ প্রণয়নের পর অনুমোদনকারী কর্তৃপক্ষ প্যানেল আইনজীবী নিয়োগ করবে।

০৮। রেলপথ মন্ত্রণালয়/বাংলাদেশ রেলওয়ের নিয়োজিত প্যানেল আইনজীবীদের নির্ধারিত ভাতাঃ

| ক্র. নং | আদালতের নাম | কাজের ধরণ | রেলপথ মন্ত্রণালয়/ বাংলাদেশ রেলওয়ে | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ | (ক) পেপার বুক তৈরীসহ সিপিএলএ, সিভিল আপীল ও রিভিউ দায়েরের যাবতীয় কাজ, দফাওয়ারি জবাব, এফিডেভিট ইন অপোজিশন প্রস্তুতসহ জবাব দেয়ার জন্য যাবতীয় কাজ (প্রতি মামলা)<br>(খ) কোর্ট ফি, টাইপিং খরচ, কাগজ-কলমসহ বিবিধ খরচ বাবদ (প্রতি মামলা)<br>(গ) প্রতি মামলা পূর্ণ শুনানী | (ক) এ্যাডভোকেট ফি (ক্লার্ক ফিসহ)=১৫,০০০/-(পনের হাজার) টাকা<br>(খ) প্রকৃত ব্যয়<br>(গ) ১৫,০০০/- (পনের হাজার) টাকা | ভ্যাট ও আয়কর কর্তনের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান প্রযোজ্য হবে। |
| | ঐ | (ক) বিশেষ আবেদন শুনানী বাবদ (প্রতি মামলা)<br>(খ) বিশেষ আবেদন প্রস্তুতির জন্য কোর্ট ফি, টাইপিং খরচ, কাগজ-কলমসহ বিবিধ খরচ বাবদ (প্রতি মামলা) | (ক) এ্যাডভোকেট ফি (ক্লার্ক ফিসহ)=৫,৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা<br>(খ) প্রকৃত ব্যয়। | ঐ |
| | | কজ লিস্টে আছে মামলার শুনানীর জন্য প্রস্তুত তবে শুনানী হয়নি (প্রতিদিনের হাজিরা) | ১,০০০/- (এক হাজার) টাকা | ঐ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ | (ক) পেপার বুক তৈরীসহ রীট দায়েরের যাবতীয় কাজ, দফাওয়ারি জবাব, এফিডেভিট ইন অপোজিশন প্রস্তুতসহ জবাব দেয়ার জন্য যাবতীয় কাজ (প্রতি মামলা)<br>(খ) কোর্ট ফি, টাইপিং খরচ, কাগজ-কলমসহ বিবিধ খরচ বাবদ (প্রতি মামলা)<br>(গ) প্রতি মামলা পূর্ণ শুনানী | (ক) এ্যাডভোকেট ফি (ক্লার্ক ফিসহ)=১০,০০০/- (দশ হাজার) টাকা<br>(খ) প্রকৃত ব্যয়<br>(গ) ১০,০০০/- (দশ হাজার) টাকা | ঐ |
| | প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল | (ক) পেপার বুক তৈরীসহ রীট দায়েরের যাবতীয় কাজ, দফাওয়ারি জবাব, এফিডেভিট ইন অপোজিশন প্রস্তুতসহ জবাব দেয়ার জন্য যাবতীয় কাজ (প্রতি মামলা)।<br>(খ) কোর্ট ফি, টাইপিং খরচ, কাগজ-কলমসহ বিবিধ খরচ বাবদ (প্রতি মামলা)।<br>(গ) প্রতি মামলা পূর্ণ শুনানী। | (ক) এ্যাডভোকেট ফি (ক্লার্ক ফিসহ)=৪০০০/- (চার হাজার) টাকা<br>(খ) প্রকৃত ব্যয়।<br>(গ) ৪০০০/- (চার হাজার) টাকা | ঐ |
| | | কজ লিস্টে আছে মামলার শুনানীর জন্য প্রস্তুত তবে শুনানী হয়নি (প্রতিদিনের হাজিরা)। | ৫০০/- (পাঁচ শত) টাকা | |
| ০৩ | প্রশাসনিক ট্রাইব্যুনাল ও দেওয়ানী আদালত | (ক) পেপার বুক/আর্জি প্রস্তুত, দফাওয়ারি জবাব প্রস্তুতসহ মামলা দায়ের/ আপীল দায়েরের যাবতীয় কাজ<br>(খ) কোর্ট ফি, টাইপিং খরচ, কাগজ-কলমসহ বিবিধ খরচ বাবদ (প্রতি মামলা)<br>(গ) প্রতি মামলা পূর্ণ শুনানী | (ক) এ্যাডভোকেট ফি (ক্লার্কফিসহ) ৩০০০/- (তিন হাজার) টাকা<br>(খ) প্রকৃত ব্যয়।<br>(গ) ৩০০০/- (তিন হাজার) টাকা | |
| | | কজ লিস্টে আছে মামলার শুনানীর জন্য প্রস্তুত তবে শুনানী হয়নি (প্রতিদিনের হাজিরা) | ৫০০/- (পাঁচ শত) টাকা | ঐ |
| | প্রশাসনিক ট্রাইব্যুনাল ও দেওয়ানী আদালত | (ক) বিশেষ আবেদন শুনানী বাবদ (প্রতি মামলা)<br>(খ) বিশেষ আবেদন প্রস্তুতির জন্য কোর্ট ফি, টাইপিং খরচ, কাগজ-কলমসহ বিবিধ খরচ বাবদ (প্রতি মামলা) | ক) এ্যাডভোকেট ফি (ক্লার্ক ফিসহ) ৩০০০/- (তিন হাজার) টাকা<br>(খ) প্রকৃত ব্যয়। | ঐ |
| ০৪ | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ/ হাইকোর্ট বিভাগ/ প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল/ প্রশাসনিক ট্রাইব্যুনাল/ দেওয়ানী আদালত | রায়ের সার্টিফিকেট কপি উত্তোলন | প্রকৃত ব্যয় | ঐ |

৯। বিশেষ ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমতি সাপেক্ষে মামলার প্রয়োজনে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ সিনিয়র আইনজীবী নিয়োগ প্রদান করা যাবে। আলোচনা সাপেক্ষে নিয়োগকৃত আইনজীবীর সম্মানী নির্ধারণ করা যাবে।

১০। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নীতিমালা প্রণয়ন করা হলো। যা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৮/০২/২২

(কাজী নিয়ামুল ইসলাম)
সহকারী সচিব

তারিখঃ ১৫ ফাল্গুন, ১৪২৮ / ২৮ ফেব্রুয়ারি, ২০২২

নং- ৫৪.০০.০০০০.০২৬.০৪.০০১.১৩-৩৮

অনুলিপিঃ (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল অফিস, ঢাকা।
৩. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (আইন ও ভূমি), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৭. মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
৮. মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৯. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।